77

দৈনিক জনকণ্ঠ

তারিখ 08 MAY 1997
পৃষ্ঠা ১৪ কলাম ৭

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইন্টারনেট চালু হচ্ছে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরী বলেন, চলতি বছরেই এ বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য ইন্টারনেট ব্যবস্থা চালু করা হবে। তিনি বলেন, ইন্টারনেট ব্যবস্থা চালু হলে এখানকার ছাত্রছাত্রীরা বিশ্বের উন্নত বিশ্ববিদ্যালয়সমূহের লাইব্রেরিগুলোর সঙ্গে সরাসরি যোগাযোগ করতে পারবে। ফলে তাদের শিক্ষার মান অনেক উন্নত হবে।

উপাচার্য বুধবার বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে ভাষণ দিচ্ছিলেন। জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক সুলতান হোসেন এতে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক গুলরু বেগম সুফীর সভাপতিত্বে বিভাগীয় সেমিনার রুমে আয়োজিত এই নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিভাগীয় শিক্ষক অধ্যাপক কাজী জাকের হোসেন, অধ্যাপক মোঃ শাহাদত আলী, অধ্যাপক মাহমুদুল আমীন, অধ্যাপক আনোয়ারা বেগম, অধ্যাপক আবু তৈয়ব আবু আহমদ এবং বিভাগীয় ছাত্র উপদেষ্টা অধ্যাপক মোহাম্মদ শফি। নবীনদের পক্ষে মোঃ রোকনুজ্জামান এবং বিদায়ী ছাত্রছাত্রীদের পক্ষে আমানুল্লাহ হোসেন পলাশ অনুষ্ঠানে বক্তৃতা করেন। বিভাগীয় শিক্ষক মোঃ খলিলুর রহমান অনুষ্ঠান পরিচালনা করেন।

উপাচার্য অধ্যাপক আজাদ চৌধুরী বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় হচ্ছে এদেশের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান এবং জ্ঞান সৃষ্টি, জ্ঞান চর্চা ও জ্ঞান বিতরণের প্রধান কেন্দ্র।